গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড,
বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

স্মারক নং-৪৪.০৭.০০০০.০২৬.০১.০০৪.২৬- ৭৮৪

তারিখঃ ২৫ আষাঢ় ১৪৩৩
০৯ জুলাই ২০২৬

বিষয়ঃ **কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহীতে ০৩/০৪ (তিন/চার) সপ্তাহের অধিক মেয়াদি প্রশিক্ষণ কোর্সের ইনস্ট্রাক্টর-যোগ্য প্রশিক্ষণার্থীদের তালিকা প্রেরণ ও ডাটাবেজ সংরক্ষণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহীতে বুনিয়াদি প্রশিক্ষণসহ কারা কর্মকর্তা/কর্মচারীদের জন্য বিভিন্ন প্রশিক্ষণ কোর্স পরিচালিত হয়ে থাকে। উক্ত প্রশিক্ষণসমূহের মধ্যে ০৩/০৪ (তিন/চার) সপ্তাহ বা তদূর্ধ্ব মেয়াদে প্রতিটি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের মধ্য থেকে ইনস্ট্রাক্টর হিসেবে দায়িত্ব পালনের উপযোগী ও যোগ্য প্রশিক্ষণার্থীদের নাম সনাক্তপূর্বক তাদের সনদে **ইনস্ট্রাক্টর হিসেবে দায়িত্ব পালনে যোগ্য** (পিটি, ড্রিল, কারা আইন, অস্ত্র, আইসিটি, আনআর্মড কম্ব্যাট ও অফিস ব্যবস্থাপনা) মর্মে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। একইসঙ্গে, কোর্স সমাপ্তির পর ইনস্ট্রাক্টর হিসেবে দায়িত্ব পালনে যোগ্য প্রশিক্ষণার্থীদের পৃথক একটি তালিকা (নাম, পদবি, কর্মস্থল, কোর্সের নাম ও সময়কালসহ) প্রস্তুত করে কারা অধিদপ্তরে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো। এছাড়াও, বাংলাদেশ সেনাবাহিনী ও অন্যান্য বাহিনী হতে প্রশিক্ষণপ্রাপ্তদেরকে ইন্সট্রাক্টর হিসেবে নিয়োগ করা হবে।

এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নের পাশাপাশি কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহীতে অনুষ্ঠিত সকল প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীদের ডাটাবেজ প্রস্তুত ও সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৯/৭/২৬

মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
addl.ig@prison.gov.bd

কমান্ড্যান্ট
কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।

**অবগতি:**

১। কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
২। সহকারী কারা মহাপরিদর্শক, সকল, কারা অধিদপ্তর, ঢাকা।
৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট/আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা।
৪। কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক (সকল)/কারা উপ মহাপরিদর্শক (সকল) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা।